

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১১.২০৫.২১-৮৮

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮  
০৩ জুন ২০২১

**বিষয়:** সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন পাটলী ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা) জনাব মো: আবদুল গণি তালুকদার এর টাইমস্কেলের বিষয়ে মতামত প্রদান।


**সূত্র:** (১) ৩৭.০২.০০০০.১০৭.০১.০৬.২০২১/৪০; তারিখ: ০৫/০৪/২০২১ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাব পর্যালোচনায় দেখা যায় বিগত (২২/০৪/১৯৯৮ তারিখে) পরিদর্শন প্রতিবেদনে সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা) জনাব মো: আবদুল গণি তালুকদার কর্তৃক প্রাপ্যতার অতিরিক্ত গৃহীত ৩৯,১৯৪/- টাকা ফেরতের সুপারিশ করেন পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর। প্রতিষ্ঠান প্রধান ব্রডশিট জবাবে উল্লেখ করেন জনাব মো: আবদুল গণি তালুকদার আট (০৮) বছর চাকুরী পূর্ণ হওয়ায় টাইমস্কেল প্রাপ্ত হয়েছিলেন, বিধায় প্রাপ্যতার অতিরিক্ত কোন টাকা উত্তোলন করেন নাই। জেলা শিক্ষা অফিসার মন্তব্য কলামে “প্রতিষ্ঠান প্রধানের জবাব বিবেচনাযোগ্য” মর্মে উল্লিখিত হয়েছে। কিন্তু মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর তাদের মন্তব্য কলামে “শিক্ষা মন্ত্রণালয়ের সদয় সিদ্ধান্ত গ্রহন করা হল” বলেছেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা) জনাব মো: আবদুল গণি তালুকদার এর টাইমস্কেল বিধি অনুসারে প্রদান করা হয়েছে কিনা এ বিষয়ে সুস্পষ্ট মতামত উল্লেখ করা হয়নি। এ বিষয়ে অডিট আপত্তি নিষ্পত্তির জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সুস্পষ্ট মতামত প্রয়োজন।

০২। এমতাবস্থায়, জনাব মো: আবদুল গণি তালুকদার এর টাইমস্কেল বিধি অনুসারে প্রদান করা হয়েছে কিনা এ বিষয়ে সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**মহাপরিচালক**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

  
(মোহা: লিয়াকত আলী) ০৩.০৬.২১

উপসচিব

ফোন: ৯৫৪৬১০৭

**সদয় অবগতির ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:**

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪। অফিস কপি।